দৈনিক ইত্তেফাক

০৭/০৯/২০০৩

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৪ ... কলাম ... ২

# সুন্দরগঞ্জে উপবৃত্তির টাকার জন্য প্রকল্প কর্মকর্তা ঘেরাও

গাইবান্ধা সংবাদদাতা ।। সুন্দরগঞ্জ উপজেলার হাতিয়া উচ্চ বালিকা বিদ্যালয়ের ২৯২ জন ছাত্রী তাহাদের সরকারী বরাদ্দ উপবৃত্তির টাকার দাবীতে গত ২৮শে আগষ্ট উপজেলা প্রকল্প কর্মকর্তাকে (শিক্ষা) ঘেরাও করে। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা তাহাকে ঘেরাও হইতে উদ্ধার করেন। উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান, গত বছর (২০০০) তাহার বিদ্যালয়ে উপবৃত্তির যোগ্য ২৯২ জন ছাত্রী ছিল এবং প্রকল্প কর্মকর্তাও ২৯২ জন ছাত্রীর তালিকা অনুমোদন করেন। তালিকার সকল ছাত্রীর উপবৃত্তির টাকাই ব্যাংকে আসে। কিন্তু প্রকল্প কর্মকর্তার "চাহিদা" মিটাইতে না পারায় তিনি গত বছরের জুলাই-ডিসেম্বর মাসের টাকা বিতরণ বন্ধ করিয়া দেন। অপরদিকে উপজেলা প্রকল্প কর্মকর্তা (শিক্ষা) জানান, প্রধান শিক্ষক কর্তৃক প্রস্তুতকৃত উপবৃত্তির জন্য ২৯২ জন ছাত্রীর তালিকার ৮৮ জন ছাড়া বাকীগুলি ভুয়া। অথচ বিদ্যালয়ের পক্ষ হইতে তালিকায় সকল ছাত্রীকেই উপবৃত্তির টাকা প্রদানের জন্য চাপ সৃষ্টি করা হইতেছে।